

London Fire Brigade (LFB) (লন্ডন ফায়ার ব্রিগেড) হচ্ছে ব্রিটেইনের বৃহত্তম দমকল ও উদ্ধার পরিষেবা। আমাদের কাজ লন্ডনকে একটি নিরাপদ শহর বানানো। আমাদের লক্ষ্য হচ্ছে লন্ডন, লন্ডনবাসী এবং অতিথিদের জন্য একটি বিশ্বমানের দমকল ও উদ্ধার পরিষেবা হওয়া।

LFB সর্বদা আগুন এবং অন্য আপৎকালীন অবস্থার মোকাবিলা করবে, কিন্তু আমাদের কাজের ধরন বিগত কিছু বছরে বদলে গেছে কারণ এখন আমরা আগুন নিবারণ এবং সমাজের নিরাপত্তার উপর অনেকবেশি গুরুত্ব দিই।

আমরা লোকেদের তাদের গৃহে, কর্মস্থানে এবং লন্ডনের অন্য ভবনগুলিতে আগুন ও অন্য আপৎকালীন অবস্থা থেকে নিরাপদ রাখতে সাহায্য করি। আগুনে মৃত্যুর প্রধান কারণ হচ্ছে গৃহের আকস্মিক আগুন এবং আমরা এই সর্বনাশা প্রভাব কমানোর জন্য যথাসাধ্য করি। আমরা লোকেদের শিক্ষা দিই কীভাবে তারা নিজেদের আগুন থেকে সুরক্ষিত রাখবে।

আমরা এই কাজ করি:

গৃহে আগুন নিরাপত্তার জন্য দেখা করে - দমকল কর্মীরা লোকেদের গৃহে যায় আগুন নিরাপত্তার উপর পরামর্শ দেবার জন্য এবং প্রয়োজন হলে বিনামূল্যে ধোঁয়ার বিপদ সংকেত লাগানোর জন্য।

অন্য সংগঠনগুলির সাথে কাজ করে যারা সেইসব লোকেদের সাথে কাজ করে যাদের আমরা জানি আগুনের সবচেয়ে বেশি ঝুঁকি আছে এবং তাদের কাছে পৌঁছতে এবং তাদের সুরক্ষিত করতে আমাদের সাহায্য করে।

আগুনের বিপদের বিষয়ে কম বয়সের লোকেদের তা জানিয়ে, কীভাবে তারা তাদের সুরক্ষিত করতে পারে এবং তামাসা কল করার পরিনতি কি। এই কাজের জন্য আমাদের সফল এবং পুরস্কৃত উদ্যোগ আছে, একটি স্কুল দলসহ।

ইচ্ছাকৃতভাবে লাগানো আগুন কমিয়ে - কমবয়স্ক মানুষদের আগুন লাগাবার আচরণ সামলাবার জন্য আমাদের একটি বিশেষজ্ঞ দল আছে এবং আর একটি দল আগুন সংক্রান্ত অপরাধ কমানোর জন্য অংশীদারদের সাথে কাজ করছে।

কর্মস্থানে আগুন নিরাপত্তার উপর পরামর্শ দিয়ে - একজন নিয়োগকর্তা হিসাবে আপনার দায় হচ্ছে আপনার এবং আপনার কর্মীবৃন্দের কর্মস্থানে আগুন নিবারণ করার উপায় জানা এবং আগুন লাগলে কীভাবে পরিত্রান পাওয়া যায় তা নিশ্চিত করা।

ভবনগুলির পরিদর্শন করে - ভবনগুলির নিরাপত্তা বাড়ানোর জন্য আমরা নির্মাতাদের সাথে প্রথম পর্যায়ে কাজ করি, তারা আগুনের প্রবিধান গুলি যাতে পালন করে তা নিশ্চিত করার জন্য পরিদর্শন করি, এবং যখন প্রয়োজন হয় আমরা বলবৎকরণ পদক্ষেপ নিই।